

প্রেস রিলিজ  
১২ জানুয়ারি ২০২৬

## বাউবিতে মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা বৃত্তি চুক্তিপত্র স্বাক্ষর

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের উদ্যোগে আজ ১২ জানুয়ারি ২০২৬, সোমবার সকাল ১০টায় বাউবির গাজীপুর ক্যাম্পাসে মহান মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা বৃত্তি প্রদানের লক্ষ্যে নির্বাচিত গবেষকদের সাথে এক চুক্তি স্বাক্ষরিত হয়।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম-এর নির্দেশনায় আজ চারজন গবেষকের সঙ্গে বাউবির পক্ষে এই চুক্তিপত্রে স্বাক্ষর করেন রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক মোঃ আনিছুর রহমান। চুক্তিস্বাক্ষর সম্পন্ন হওয়ার পর অধ্যাপক মোঃ আনিছুর রহমান বলেন, “মুক্তিযুদ্ধের ইতিহাসকে আরো সমৃদ্ধ ও প্রজ্জ্বলিত করতে আপনাদের গবেষণাকর্ম যথেষ্ট অবদান রাখবে। নির্বাচিত গবেষকদেরকে তাঁদের গবেষণার মাধ্যমে মুক্তিযুদ্ধের সঠিক, বস্তুনিষ্ঠ ও তথ্য সমৃদ্ধ গবেষণা প্রতিবেদন যথাসময়ে সম্পন্ন এবং গবেষণাকর্ম থেকে পরবর্তী প্রজন্ম যেন মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে পারে সেদিকে লক্ষ্য রেখে গবেষণা কার্যক্রম সম্পন্ন করার পরামর্শ দেন তিনি”।

মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. রাফসান মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মহান মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা বৃত্তি প্রদানের এই মহৎ উদ্যোগ গ্রহণ করায় গবেষকবৃন্দ বাউবি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। উল্লেখ্য, এক বছর মেয়াদি মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা কাজের জন্য প্রত্যেকে তিন লক্ষ টাকা করে বৃত্তি পাবেন।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)